



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

প্রোগ্রামিং শাখা

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

www.brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪১১.২৯.০৬৪.১৬-২৬২৪

তারিখ: ১২/০৩/২০২৫ খ্রি.

বিষয়: “BRDB Digital Passbook” অ্যাপস এর মাধ্যমে ঋণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ সেবাটি বাস্তবায়ন।

পল্লী উন্নয়ন ও দারিদ্র বিমোচনে নিয়োজিত বাংলাদেশ সরকারের সর্ববৃহৎ সরকারি প্রতিষ্ঠান বিআরডিবি। গ্রামীণ আর্থসামাজিক উন্নয়নে অন্যান্য কার্যক্রমের পাশাপাশি বিআরডিবি পল্লীর দরিদ্র জনগণের মাঝে ঋণ কার্যক্রম পরিচালনা করে আসছে। কিন্তু এ ঋণ কার্যক্রম সম্পূর্ণভাবে অটোমেশন ও ডিজিটলাইজড না হওয়ার কারণে মাঠ পর্যায়ে ঋণ কার্যক্রম পরিচালনায় অনেক অনিয়ম, হস্তমজুদ ও আত্মসাতমূলক ঘটনা ঘটছে। এ অবস্থা থেকে উত্তরণে ঋণ বিতরণ ও আদায়ে ব্যবহৃত পাশবই এর সঠিক ব্যবহার সহায়ক হিসাবে ভূমিকা পালন করতে পারে।

২। ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অন্যতম একটি টুলস্ হচ্ছে পাশবই যা সদস্যদের কাছে সংরক্ষিত থাকে। বর্তমানে যে পাশবইটি ব্যবহার করা হয় তা একটি হার্ডকপি এবং এনালগ পদ্ধতিতে পোস্টিং দেয়া হয় যা সময়োপযোগী নয়। এছাড়া কোন কোন সময় পাশবই হারিয়ে গেলে সমস্যার সৃষ্টি হয়। তাই ঋণ কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ডিজিটাল পাশবই ব্যবহারের মাধ্যমে আর্থিক লেনদেন সুষ্ঠু হবে এবং সকল ক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিত করা সম্ভব হবে। এ লক্ষ্যে পাশবই সংক্রান্ত সেবাটি “BRDB Digital Passbook” অ্যাপস এর মাধ্যমে ঋণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ শিরোনামে সহজিকরণ করা হয়েছে।


৩। সেবাটি মাঠ পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণীয়:

- অনলাইন হতে “BRDB Digital Passbook” অ্যাপস এর মাধ্যমে ঋণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ /অ্যাপস ডাউনলোড;
- সদস্যদের প্রয়োজনীয় তথ্যাদি যেমন- নাম, ঠিকানা, ছবি, স্বাক্ষর, জাতীয় পরিচয় পত্র, মোবাইল নং ইত্যাদি দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্নকরণ;
- স্বয়ংক্রিয়ভাবে ইউজার আইডি তৈরি হবে;
- সদস্য ইউজার আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে ঘরে বসেই প্রয়োজনীয় তথ্য জানতে পারবে;
- পাশবই হারিয়ে যাওয়া, পুড়ে যাওয়া বা অন্য কোন কারণে নষ্ট হলে জটিলতা তৈরি হবে না।

৪। বর্ণিত প্রক্রিয়া অনুসরণ করা হলে “BRDB Digital Passbook” অ্যাপস এর মাধ্যমে ঋণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ সেবাটি গ্রহণ ও বাস্তবায়ন সহজতর হবে। উল্লেখ্য, “BRDB Digital Passbook” অ্যাপস এর মাধ্যমে ঋণ কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ অ্যাপস তৈরির কার্যক্রম চলমান রয়েছে। তবে এ প্রক্রিয়াটি সহজিকরণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ফরমেট অনুযায়ী একটি বুকলেট প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)।

৫। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে উল্লিখিত বিষয়সমূহ ও বুকলেটটি অনুসরণপূর্বক সেবাটি বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: সেবা সহজিকরণ সংক্রান্ত বুকলেট।


১২/০৩/২০২৫

সরদার মোঃ কেরামত আলী

মহাপরিচালক (রুটিন দায়িত্ব)

ফোন: +৮৮২৪১০১০৩২০

ফ্যাক্স: +৮৮০২৪১০১০৩২১

ইমেইল: dg@brdb.gov.bd

প্রাপক:


১। উপপরিচালক (সকল), জেলাদপ্তর, বিআরডিবি।

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪১১.২৯.০৬৪.১৬-২৬২৪

তারিখ: ১২/০৩/২০২৫ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে-

- ১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, ১২ তলা, নগর ভবন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। পরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৪। যুগ্মপরিচালক (সকল), বিআরডিবি, ঢাকা।
- ৫। উপপরিচালক (সকল), সদরদপ্তর, বিআরডিবি, ঢাকা।
- ৬। উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা। (বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশ এবং তথ্য বাতায়নের সংশ্লিষ্ট সেবাবক্সে হালনাগাদের জন্য)।
- ৭। অফিস কপি।


নাজনীন খানম

উপপরিচালক (প্রোগ্রামিং)

বিআরডিবি, ঢাকা

ফোন: +৮৮-০২-৪১০১০৩৩৪

ই-মেইল: ddprog@brdb.gov.bd